



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

“জরুরি বিজ্ঞপ্তি”

স্মারক সংখ্যা-বিনি/বিজ্ঞপ্তি/৭৪/২/২১/১৫৩

তারিখ : ২২/০৩/২০২১ খ্রি.

কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড নিম্নবর্ণিত ছকে ও তারিখে প্রতিষ্ঠান প্রধানগণ অথবা তাঁর পক্ষে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে অত্র বোর্ডে হাজির হয়ে নিবন্ধন কার্ড সংগ্রহ করে ০৩ (তিন) দিনের মধ্যে শিক্ষার্থীদের মাঝে বিতরণ করতে হবে।

অবশ্য পালনীয় নির্দেশনাসমূহ:

- ১। নিবন্ধন কার্ড প্রাপ্তির পর বিদ্যালয়ে রক্ষিত শিক্ষার্থীদের নিবন্ধনের হার্ড কপি (প্রিন্ট কপি) এর সাথে যাচাই করতে হবে।
- ২। বিদ্যালয় কর্তৃপক্ষ কোন অবস্থায় নিবন্ধন কার্ড সংশোধন করতে পারবেন না।
- ৩। নিবন্ধন কার্ডে ছবি, বিভাগ, বিষয় ও বিষয় কোর্সে ভুলত্রুটি পরিলক্ষিত হলে সংশোধনসহ ফ্রেশ নিবন্ধন বাবদ শিক্ষার্থী প্রতি ৮০০/ (আটশত টাকা মাত্র) টাকা ফিস প্রদান করে অবশ্যই পরীক্ষা শুরুর পূর্ব দিনের মধ্যে সংশোধন করে নিতে হবে। পরীক্ষা শুরুর পর কোনভাবেই ছবি সংশোধন করা যাবে না।
- ৪। নাম, পিতার নাম, মাতার নাম, জন্মতারিখ জেএসসি এর ন্যায় সংশোধন করা যাবে, সেক্ষেত্রে কোনো ফিস প্রয়োজন হবে না।
- ৫। নির্ধারিত সময়ের মধ্যে ভুল সংশোধন না করলে তার সকল দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তবে।
- ৬। নিবন্ধন কার্ড গ্রহণের পর তা শিক্ষার্থীদের উপস্থিতিতে বিতরণ করতে হবে এবং নিবন্ধন কার্ডে নির্ধারিত স্থানে শিক্ষার্থীদের স্বাক্ষর নিতে হবে। তবে শিক্ষার্থীদের স্বাক্ষর করার পূর্বে নিবন্ধন কার্ডে উল্লিখিত সকল তথ্যের সঠিকতা যাচাইপূর্বক স্বাক্ষর করবে।
- ৭। প্রধান শিক্ষক/অধ্যক্ষ নিবন্ধন কার্ডে নির্ধারিত স্থানে স্বাক্ষর করবেন। তবে তিনি নিবন্ধন কার্ডে উল্লিখিত সকল তথ্যের সঠিকতা, বিশেষ করে নামের বানান, জন্মতারিখ, বিষয় ও বিষয় কোর্সের সঠিকতা যাচাই করে কোন প্রকার ভুল থাকলে তা রেজিস্টারে লিপিবদ্ধ করে সে সম্পর্কে নিশ্চিত হয়েই স্বাক্ষর করবেন।
- ৮। নিবন্ধন কার্ড গ্রহণের পরপরই সংশ্লিষ্ট শিক্ষার্থীদের মধ্যে বণ্টন করতে হবে। কোন অবস্থাতেই অফিসে ফাইল বন্দী করে রাখা যাবে না।
- ৯। নিবন্ধন সংক্রান্ত কাজের জন্য বোর্ডে যাতায়াত বাবদ কোন টিএ/ডিএ বোর্ড কর্তৃপক্ষ প্রদান করবে না।

নিবন্ধন কার্ড বিতরণের তারিখ

ক্রমিক নং	জেলার নাম	বিতরণের তারিখ
০১।	বাগেরহাট, সাতক্ষীরা	২৪/০৩/২০২১
০২।	খুলনা	২৫/০৩/২০২১
০৩।	চুয়াডাঙ্গা, মেহেরপুর	২৮/০৩/২০২১
০৪।	কুষ্টিয়া	৩০/০৩/২০২১
০৫।	বিনাইদহ	৩১/০৩/২০২১
০৬।	নড়াইল, মাগুরা	০১/০৪/২০২১
০৭।	যশোর	০৪/০৪/২০২১

বি. দ্র. নিবন্ধন কার্ড গ্রহণের জন্য নিম্নবর্ণিত কাগজপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে

- ১০। বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি অনুমোদনপত্রের সত্যায়িত ফটোকপি।
- ১১। বিদ্যালয়ের স্বীকৃতি নবায়ন পত্রের সত্যায়িত ফটোকপি।
- ১২। নিবন্ধনকৃত শিক্ষার্থীদের প্রিন্ট আউট কপি।
- ১৩। সোনালী সেবার রশিদ (বোর্ডের অংশ)।
- ১৪। বিষয় ও বিভাগের পাঠদান ও খোলার অনুমোদনপত্রের সত্যায়িত ফটোকপি।

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

অত্র বোর্ডের আওতাধীন সকল নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

22.03.2021

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন নং- ০৪২১-৬৮৬৩৪

স্মারক সংখ্যা-বিনি/বিজ্ঞপ্তি/৭৪/২/২১/১৫৩(১-৭)

তারিখ : ২২/০৩/২০২১ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। জেলা প্রশাসক, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (ওয়েবসাইটে পত্রটি প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৭। সংরক্ষণ নথি।

22.03.2021

(মোঃ ফজলুর রহমান)
উপ- বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন নং- ০৪২১-৬৮৬৯৮